দৈনিক
ইনকিলাব

17 JAN 20
পৃষ্ঠা

# একশ্রেণীর শিক্ষকের অনীহার কারণে আড়াইশ ছাত্র-ছাত্রী এমএস কোর্সে ভর্তি হতে পারছে না

বা.কৃ.বি থেকে সংবাদদাতা ঃ মেধার পরিপূর্ণ স্বাক্ষর রেখে প্রায় ৫৩৩ জন ছাত্র-ছাত্রীর মধ্যে এ বছর দেশের বিভিন্ন কৃষি শিক্ষা প্রতিষ্ঠান থেকে বিএসসিএজি (সম্মান) ডিগ্রী অর্জন করলেও শুধুমাত্র একশ্রেণীর শিক্ষকদের অনীহার কারণে উচ্চ শিক্ষার প্রথম ধাপ এমএস কোর্সে ভর্তি হতে পারছে না প্রায় ২৫০ জন ছাত্র-ছাত্রী। বিএসসিএজি ডিগ্রী দেয়া হয়, এমন শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে শুধুমাত্র বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে এমএস কোর্স চালু থাকায় অন্যান্য সকল শিক্ষা প্রতিষ্ঠানের (যেমন ঃ শেরে-ই-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং রাজশাহী কৃষি কলেজ) চাপ উক্ত প্রতিষ্ঠানের উপর পড়াই এই সমস্যা আরো প্রকট আকার ধারণ করেছে। বা.কৃ.বি ছাড়া অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানগুলো (বিশ্ববিদ্যালয়) নতুন হওয়া

উক্ত বিশ্ববিদ্যালয়গুলোতে এখনো এমএস কোর্স খোলা সম্ভব হয়নি।

এদিকে সংশ্লিষ্ট একটি সূত্র জানায়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষকরা বেশীর ভাগ সময় বিভিন্ন প্রজেক্ট

নিয়ে ব্যস্ত থাকায় সকল প্রকার সুযোগ-সুবিধা থাকা সত্ত্বেও ছাত্র নিতে আগ্রহী হচ্ছে না। বিভিন্ন অনুষদে খবর নিয়ে জানা যায় যে, জানুয়ারী-জুন সেমিস্টারে মাত্র ৩১৩ জন শিক্ষার্থীকে ভর্তি করানো হবে। ইন সার্ভিসসহ প্রায় ২৫০ জন শিক্ষার্থী আসন্ন সেমিস্টার ধরতে পারছে না।